

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৮৮

পর্ব-৬: যাকাত (১১১। كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

بَابُ فَضْل الصَّدَقَةِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَصَدَّقَ بِعَدْلِ تَمْرَةٍ مِنْ كَسْبٍ طَيِّبٍ وَلَا يَقْبَلُ اللَّهُ إِلَّا الطَّيِّبَ فَإِنَّ اللَّهَ يَتَقَبَّلُهَا بِيَمِينِهِ ثُمَّ يُرَبِّيهَا لِصَاحِبِهَا كَمَا يُرَبِّي أَحَدُكُمْ فَلُوَّهُ حَتَّى تَكُونَ مِثْلَ الْجَبَل»

#### বাংলা

১৮৮৮-[১] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি বৈধভাবে অর্জিত সম্পদ থেকে একটি খেজুর সমান সদাকাহ্ (সাদাকা) করে এবং আল্লাহ তা'আলা বৈধ ব্যতীত কোন কিছু কবূল করেন না। তাই বৈধ সম্পদ থেকে সদাকাহ্ (সাদাকা) করলে আল্লাহ তা'আলা তা' ডান হাতে কবূল করেন। অতঃপর এ সদাকাহ্ (সাদাকা) দানকারীর জন্য এভাবে লালন-পালন করেন যেভাবে তোমরা ঘোড়ার বাছুর লালন-পালন করে থাকে। এমনকি এ সদাকাহ্ (সাদাকা) অথবা এর সাওয়াব একসময় পাহাড়ের মতো হয়ে যায়। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৪১০, মুসলিম ১০১৪, আহমাদ ৮৩৮১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৭৪৬, ইরওয়া ৮৮৬, সহীহ আত্ তারগীব ৮৫৬, সহীহ আল জামি' আস্ সগীর ৬১৫২, মুয়াত্ত্বা মালিক ২/১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসটিতে কবূল করা হবে না দ্বারা উদ্দেশ্য হলো সাওয়াব দেয়া হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন